



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০০১.০০.০৫৭.২০১৩- ২০৪৭

তারিখঃ ১২ জুন, ২০১৮।

যুগ্ম পরিচালক (সার)
বিএডিসি, বগুড়া।

বিষয়ঃ একই মামলায় দুইজন আইনজীবী নিয়োগের বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ আপনার দপ্তরের স্মারক নং-৪৮৭ তারিখঃ ০৪/০৬/২০১৮।

উপর্যুক্ত বিষয়ে আপনার দপ্তর হতে প্রাপ্ত সূত্রে বর্ণিত স্মারকের মর্মানুযায়ী শিবগঞ্জ থানার বানাইল মৌজায় বিএডিসির মালিকানাধীন জমির উপর দায়েরকৃত মামলার কার্যক্রম পরিচালনার জন্য দুইজন আইনজীবীর মধ্যে জনাব মোঃ জহরুল ইসলাম (জিয়া)'কে নিয়োগের প্রশাসনিক অনুমোদন প্রদানের অনুরোধ জানিয়ে আইন বিভাগের নিকট প্রেরণ করা হলে আইন বিভাগ এই মর্মে মতামত প্রদান করে যে, একটি মামলার কার্যক্রম সাধারণত একজন আইনজীবীর মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। অথচ বর্ণিত মামলার কার্যক্রম পরিচালনার জন্য দুইজন আইনজীবী নিয়োগ করা হয়েছে এবং দুইজন নিয়োগ করা হলেও একজন আইনজীবী নিয়োগের প্রশাসনিক অনুমোদন চাওয়া হয়েছে। আইন বিভাগের মতামতের প্রেক্ষিতে বিষয়টি সুস্পষ্ট করা প্রয়োজন।

০২. এমতাবস্থায়, উপরে বর্ণিত বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

(আশুতোষ লাহিড়ী)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

০১. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
০২. অফিস কপি।